যুগান্তর

তারিখ: 22 AUG 2017
পৃ: ১৬ কলাম: ২

গাজীপুরে সিটি মেডিকেল কলেজ

# বিভিন্ন দাবিতে শিক্ষার্থীদের ক্লাস বর্জন : অবস্থান কর্মসূচি

**গাজীপুর প্রতিনিধি**

বাংলাদেশ মেডিকেল অ্যান্ড ডেন্টাল কাউন্সিলের (বিএমডিসি) অনুমোদন, পর্যাপ্ত শিক্ষক নিয়োগসহ বিভিন্ন দাবিতে গাজীপুরের সিটি মেডিকেল কলেজ হাসপাতালের শিক্ষার্থীরা সোমবার সকালে ক্লাস বর্জন ও অবস্থান কর্মসূচি পালন করছেন। শনিবার থেকে তারা ওই কর্মসূচি পালন করছেন। পরিস্থিতি নিয়ন্ত্রণে সিটি মেডিকেল কলেজ ও হাসপাতালের সামনে অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে। ওই কলেজের প্রতিষ্ঠার পরে প্রথম দুই বছরের অনুমোদন থাকলেও পরবর্তী তিনটি ব্যাচের শিক্ষার্থীদের বিডিএমসির কোনো রেজিস্ট্রেশন নেই।

এ ব্যাপারে কলেজ কর্তৃপক্ষের গাফিলতির অভিযোগ এনে শিক্ষার্থীরা তিনদিন ধরে কর্মসূচি পালন করছেন এবং তা দ্রুত সমাধানের দাবি জানিয়েছেন।

মেডিকেল কলেজের চতুর্থ ব্যাচের শিক্ষার্থী মো. ওসমান জানান, বিডিএমসি কলেজ শুরুর পর প্রথম দুই বছরের জন্য একাডেমিক কার্যক্রম পরিচালনার জন্য প্রাথমিক অনুমোদন দেয়। কিন্তু শর্ত পালন না করায় গত দুই শিক্ষা বছর ধরে ৩য়, চতুর্থ ও পঞ্চম ব্যাচের শিক্ষার্থী ভর্তি ও একাডেমিক কার্যক্রমের অনুমোদন বা রেজিস্ট্রেশনের অনুমতি দেয়নি। এতে তাদের ভবিষ্যৎ অনিশ্চিত হয়ে পড়েছে। এ কলেজে নেপাল ও ভারতের অন্তত ২৭ জন শিক্ষার্থীসহ তিন শতাধিক শিক্ষার্থী রয়েছেন। ওই তিন ব্যাচের অনুমোদন ও রেজিস্ট্রেশনের শর্ত পূরণের জন্য কলেজের অধ্যক্ষ, চেয়ারম্যান ও ব্যবস্থাপনা পরিচালকদের বিভিন্ন সময় তাগিদ দিলেও এ ব্যাপারে কোনো সাড়া না পেয়ে ওই আন্দোলন কর্মসূচি হাতে নিয়েছে শিক্ষার্থীরা। সোমবার ১১টার মধ্যে এ ব্যাপারে ব্যবস্থাপনা পরিচালক কিংবা চেয়ারম্যান স্ব-শরীরে হাজির হয়ে সুস্পষ্ট কোনো জবাব না দিলে শিক্ষার্থীরা বৃহত্তর আন্দোলন কর্মসূচি দেয়ার আল্টিমেটামও দিয়েছেন। তাদের দাবি ওই তিন ব্যাচের শিক্ষার্থীদের রেজিস্ট্রেশনের ব্যবস্থা করতে না পারলে তাদের অন্য কোনো অনুমোদিত কলেজে মাইগ্রেশনের সুযোগ করে দেয়া হোক। একই সঙ্গে কলেজে পর্যাপ্ত শিক্ষক না থাকায় শনিবার থেকে তারা ওই কর্মসূচি পালন শুরু করেছে। রোববার কর্মসূচি চলাকালে একপর্যায়ে শিক্ষার্থীরা কলেজের প্রধান ফটকে তালা ঝুলিয়ে দেয়।

কলেজ সেক্রেটারি অশোক কুমার রায় বলেন, বিএমডিসি এ কলেজ প্রতিষ্ঠার পর প্রথম দুই বছর ছাড়া অন্য শিক্ষাবর্ষের জন্য অনুমোদন না দিলেও স্বাস্থ্য মন্ত্রণালয় ২০১৩-২০১৪ এবং ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষের জন্য শিক্ষার্থী ভর্তির অনুমোদন দিয়েছে। তবে পরবর্তী শিক্ষাবর্ষে স্বাস্থ্য মন্ত্রণালয়ের চূড়ান্ত সিদ্ধান্তের পর বিএমডিসি তাদের সিদ্ধান্ত জানাবে। তিনি চেয়ারম্যান ড. মহিউদ্দিন খান আলমগীরের বরাত দিয়ে জানিয়েছেন, আগামী এক-দুই বছরের মধ্যে শর্ত পালন করে কলেজটিকে দেশের প্রথম শ্রেণীর মেডিকেল কলেজে পরিণত করা হবে।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং ..............
তারিখ ..............
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর